FEB 21 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

# জাবিতে ছাত্রলীগের বোমাবাজি গুলি ॥ ক্যাম্পাসে আতঙ্ক

জাবি সংবাদদাতা

সোমবার রাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দুই ছাত্রলীগ নেতার বচসাকে কেন্দ্র করে গুলিবর্ষণ, বোমাবাজি ও হল আক্রমণের ঘটনায় ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। জাবি ছাত্রলীগ ঘটনায় সংশ্লিষ্ট দু'জনকে তাৎক্ষণিকভাবে বহিষ্কার ও তিনজনকে শোকজ করেছে। জানা যায়, বিশ্ববিদ্যালয় বাসের রুট পরিবর্তন নিয়ে কামালউদ্দিন হল শাখার সহসভাপতি মিলন ও আলবেরুনী হল শাখার সহসভাপতি উজ্জ্বলের সাথে বচসা হয়। এক পর্যায়ে হাতাহাতি হলে ঘটনাটি বাসেই মীমাংসা হয়ে যায়। কিন্তু পরবর্তীতে মিলন ক্যাম্পাসে ফিরে কয়েকজন সহযোগীকে নিয়ে রাত ১০টায় আলবেরুনী হলের উজ্জ্বলের ৪০৩নং রুম ভাংচুর করে। এ ঘটনায় ক্ষিপ্ত হয়ে আলবেরুনী হলের ছাত্রলীগ কর্মীরা রাত প্রায় ১টায় কামালউদ্দিন হলে হামলা চালায়। সশস্ত্র ছাত্রলীগ কর্মীরা ৩/৪ রাউন্ড গুলিবর্ষণ ও বোমাবাজি করলে চারদিকে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ছাত্রলীগ আহ্বায়ক মেহেদী জামিল ও আহ্বায়ক কমিটির কয়েক সদস্য এ সময় কামালউদ্দিন হলে অবস্থান করছিল। পরবর্তীতে তাদের হস্তক্ষেপে ঘটনা নিয়ন্ত্রণে আসে। ছাত্রলীগ এক প্রেস বিজ্ঞপ্তিতে আলবেরুনী ও কামালউদ্দিন হলের সহসভাপতি উজ্জ্বল (গণিত শেষবর্ষ) এবং মিলন (বাংলা ৩য় বর্ষ)কে বহিষ্কার, কামালউদ্দিন হলের সাধারণ সম্পাদক মিন্টন (গণিত ২য় বর্ষ) এবং আলবেরুনী হলের যুগ্ম সাধারণ সম্পাদক জাকির হোসেন (নাট্যতত্ত্ব ২য়) ও হেলালউদ্দিন (দর্শন ২য়)কে শোকজ প্রদানের কথা জানায়। গণতান্ত্রিক ছাত্রঐক্য জাবি শাখা এক বিবৃতিতে ক্যাম্পাস পরিস্থিতিকে অস্থিতিশীল করার জন্য এ ঘটনার তীব্র নিন্দা জানায় এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করে।